দৈনিক সংবাদ

তারিখ 16 SEP 1995
পৃষ্ঠা ১ কলাম ১

২৮

# বিসিএস পরীক্ষা, একই রেজিস্ট্রেশন নম্বরে একাধিক পরীক্ষার্থী

(নিজস্ব বার্তা পরিবেশক)

বাংলাদেশ সরকারি কমিশন (পিএসসি) ১৭তম বিসিএস পরীক্ষার জন্য একাধিক পরীক্ষার্থীর একই রেজিস্ট্রেশন নম্বর প্রদান করেছে। বিষয়টি ধরা পড়েছে গতকাল শুক্রবার প্রিলিমিনারি পরীক্ষার সময়।

রাজধানীর শহীদ সোহরাওয়ার্দী কলেজ কেন্দ্রে ০০৮৩৬ রেজিস্ট্রেশন নম্বরের দু'জন পরীক্ষার্থী হাজির হন। একজনের নাম মোশাররফ হোসেন, অপরজন ইরফান আলী। এ কেন্দ্রের একই কক্ষে ০০৮৩৬

বিসিএস : পৃঃ ৮ কঃ ১

## বিসিএস : একাধিক পরীক্ষার্থী

(১ম পৃষ্ঠার পর)

রেজিস্ট্রেশন নম্বরধারী পরীক্ষার্থীও ছিলেন দু'জন– একজন পূর্ণেন্দু শেখর সাহা, অপরজন রুনা বিলকিস বানু। তাদের প্রবেশপত্র থাকলেও পরিদর্শকদের কাছে রক্ষিত খাতায় রুনা বিলকিস বানু এবং ইরফান আলীর নাম ছিল না। পরিদর্শকরা অবশ্য বিশেষ ব্যবস্থায় তাদের পরীক্ষা দিতে দেন।

জগন্নাথ বিশ্ববিদ্যালয় কলেজ কেন্দ্রে কয়েকজন পরীক্ষার্থী তাদের আসন খুঁজে পাননি, আসলে তাদের রেজিস্ট্রেশন নম্বরের কোন আসনই ফেলা হয়নি। একই কক্ষে এ রকম দু'জন পরীক্ষার্থীর রেজিস্ট্রেশন নম্বর ০৬৩০১ এবং ০৬৩৪৬। এদের আগে-পরের আসন ফেলা হয়েছিল অবশ্য ঠিকই।